# ফেব্রুয়ারী/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখঃ | : | ২৯/০২/২০২৪ খ্রি.। |
| সময় ঃ | | দুপুর ১২:০০ ঘটিকা । |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর সভায় গত ৩০/০১/২০২৪খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্র:নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলায় ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ২ মাস অন্তর ১টি করে সভা আহবান করার বিধান রয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় না। তিনি স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোডের জন্য সহকারী প্রোগ্রামার, কাউনিয়া, রংপুর নিকট সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভায় কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ । |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পেটিালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র পাওয়া যায়নি। তিনি সভায় বলেন যে, স্বাস্থ্য কমপ্রেক্স পাবলিক টয়লেট খুবই প্রয়োজন। স্বাস্থ্য সেবা গ্রহিতাদের টয়লেট না থাকায় হাস-পাতালে সমস্যা হচ্ছে। তিনি উপজেলা পরিষদ তহবিল হতে পাবলিক টয়লেট স্থাপনের জন্য অনুরোধ জানান। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা পর উপজেলা প্রকৌশলীকে সরে জমিন দেখে আগামী সভায় উপস্থাপন জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার জানান যে, তাঁর কার্যালয়ের রবি মৌসুমের বোরো ফসল আবাদের জন্য ইউরিয়া ও পটাশ সারের অতিরিক্ত চাহিদা উপজেলা সার ও বীজ কমিটির রেজুলেশনরে মাধ্যমে পাঠানো হয়েছে। উপজেলা পরিষদ থেকে ১৫ লক্ষ টাকা উপকরণ সহায়তা বাবদ প্রকল্প দাখিল করা হয়েছে। চর এলাকায় উপজেলা পরিষদের সহায়তায় মিস্টি কুমড়া ও তরমুজ আবাদকৃত চাষীদের মাঝে উপকরণ বিতরণ সমাপ্ত হয়েছে। মাঠ পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। রবি মৌসুমের প্রণোদনা বিতরণ সমাপ্ত হয়েছে। কিছু ফসলের কর্তন শুরু হয়েছে। খরিপ-২ মৌসুমে আবাদকৃত রোপা আমন ধান কর্তন সমাপ্ত হয়েছে। ফলাফল সন্তোষজনক ১১৪৭০ হেক্টর জমিতে ৩৪৬৮১.৫৫ মে.টন (চালে) উৎপাদন পাওয়া গেছে। রবি মৌসুমের বিভিন্ন প্রকার ফসল আবাদ চলমান রয়েছে। তার মধ্যে তেলজাতীয় ফসল সরিষার লক্ষ্যমাত্রা ১৭৭৮ হেক্টর ধরা হয়েছে। অর্জন ১৭৮৫ হেক্টর। মাঠে বোরো ধান রোপন পর্যায়ে রয়েছে। জেলা হতে লক্ষ্যমাত্রা ৭৫৯৭ হেক্টর নির্ধারন করে দেয়া হয়েছে। অদ্যাবধী রোপন ৭০১৫ হেক্টর। মাঠে দন্ডায়মান ফসলের রিপোর্ট চলমান রয়েছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার,উপজেলা কৃষি অফিসার কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন যে তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, জাটকা ইলিশ সংরক্ষন অভিযান চলমান আছে। এছাড়াও নিষিদ্ধ ঘোষিত পিরানহা, আফ্রিকান মাগুর চাষের বিরুদ্ধে বিভিন্ন মাছবাজার ও আড়তে অভিযান চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অনান্য কার্যক্রম যথাযথভাবে চলছে। তিস্তা নদীতে অস্থায়ী ভাবে স্থাপনের প্রস্তাব করেন। | তিস্তানদীতে অস্থায়ীভাবে মৎস্য অভয়াশ্রম স্থাপন জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। । | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। কোথাও কোনো সমস্যা নাই। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, বন বিভাগ, কাউনিয়া, রংপুর সভায় জানান বিভাগীয় অনান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল জনসাস্থ্য(অতি:দা:), সভায় জানান যে, বিভাগীয় অনান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগ:-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে,বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | জানুয়ারী/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপাঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা তথ্য কেন্দ্র, সেবা কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২০.উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | জানুয়ারী/২০২৪ খ্রিঃ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ের অতিরিক্ত দশ লক্ষ টাকার উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যাক ও বৈজ্ঞানিক সরঞ্জামাদি (INF-2021-22-558542-02) উপ-প্রকল্পটি পিএমইউ, ইউজিডিপি, ঢাকাতে প্রেরণ করা হয়। যা পিএমইউ, ঢাকায় অনুমোদন না হওয়ায় পরবর্তীতে কাউনিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু (পলিমার) বেঞ্চ ও মাল্টিপারপাস র‍্যাক সরবরাহ করনে স্থায়ী কমিটির প্রস্তাবমতে উপজেলা যাচাই বাছাই কমিটিতে গৃহীত হয়। যা মাসিক সভায় অনুমোদন করার জন্য উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর সভায় উপস্থাপন করেন। বরাদ্দকৃত অর্থ =১০,০০,০০০/= (দশ লক্ষ)। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প INF-2021-22-558542-02 কাউনিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু (পলিমার) বেঞ্চ ও মাল্টিপারপাস র‍্যাক সরবরাহ করনে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত অনুমোদনে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, ইউজিডিপি, কাউনিয়া, রংপুর। |

বিবিধ বিষয়:

| | | | |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার বলেন ১৪৩১ বাংলাসনের উপজেলার হাট-বাজার গত ১৯/০২/২০২৪ খ্রি. তারিখে ইজারা (১ম পর্যায়ে)তারিখ নির্ধারিত ছিল । ১৫ টি হাট-বাজারের মধ্যে ১২টি দরপত্র দাখিল হয় এবং ০৯টি হাট-বাজার সমূহের দরমূল্যে সরকারি মূল্যের চেয়ে বেশি হওয়ায় সর্বোচ্চ দরদাতাকে দরপত্র মূল্যায়ন কমিটি ইজারা প্রদানের সুপারিশ ও অনুনোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং অবশিষ্ট ০৬টি হাট-বাজার ২য় পর্যায়ে ০৪/০৩/২০২৪ খ্রি. তারিখে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভায় তিনি ০৯টি হাট বাজার ইজারা প্রদানের অনুমোদন জন্য সভায় বিস্তারিত তুলে ধরেন। | সভায় বিস্তরিত আলোচনান্তে ১৪৩১ বাংলাসনের উপজেলার হাট-বাজার গত ১৯/০২/২০২৪ খ্রি. তারিখে (১ম পর্যায়ে) ১৫ টি হাট-বাজারের মধ্যে ০৯টি হাট-বাজার সমূহের দরমূল্যে সরকারি মূল্যের চেয়ে বেশি হওয়ায় সর্বোচ্চ দরদাতাকে দরপত্র মূল্যায়ন কমিটি ইজারা প্রদানের সুপারিশ ও অনুনোদনের গৃহীত সিদ্ধান্ত সমূহ সভায় অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |
| ২। | উপজেলা নির্বাহী অফিসার বলেন, বীর মুক্তিযোদ্ধাদের লেখা সম্বলিত পুস্তিকা প্রকাশনার জন্য গত- ০৫ মার্চ/২৪ খ্রি. তারিখে কমিটি গঠন করা হয়েছে। বর্ণিত কমিটি উপজেলায় বীর মুক্তিযোদ্ধাগনের নিকট হতে লেখা সংগ্রহ করে পুস্তিকা প্রকাশের জন্য অনুরোধ করা হয়েছে। যা বিনামূল্যে কাউনিয়া উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হবে। উক্ত পুস্তিকা প্রকাশের জন্য রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার অনুমোদনের জন্য সভায় পেশ করেন। এছাড়া তিনি আরোও বলেন কাউনিয়া বাসষ্ট্যান্ড হতে কাউনিয়া রোডে ড্রেণ নির্মাণের কাজ চলাকালে একজন বীরমুক্তিযোদ্ধার কবর পাওয়া যায়। কবরটি যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন | সভায় বিস্তরিত আলোচনান্তে বীর মুক্তিযোদ্ধাদের লেখা সম্বলিত পুস্তিকা ছাপানো জন্য রাজস্ব তহবিল **প্রকাশনা খাত** হতে আরএফকিউ মাধ্যমে কাজ সমাপ্ত করে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>কাউনিয়া বাসষ্ট্যান্ড হতে কাউনিয়া রোডে ড্রেণ নির্মাণের কাজ চলাকালে একজন বীরমুক্তিযোদ্ধার কবর পাওয়া যায়। উক্ত কবরটি সংরক্ষণের জন্য পরবর্তীতে বরাদ্দ প্রদান করা হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, মুক্তিযোদ্ধা পুস্তিকা প্রকাশনা কমিটি ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |
| ৩। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিস সরঞ্জামাদি প্রচুর পরিমান প্রয়োজন হয়। যথা:-প্রিন্টার,প্রিন্টারের টোনার,৮০ গ্রাম কাগজ,৮৫গ্রাম, ৬৫গ্রাম,লিগ্যাল কাগজ ফোল্ডার সিষ্টেম ফাইল কভার, ইত্যাদি বিশেষ প্রয়োজন। তিনি সভায় রাজস্ব তহবিল অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ক্রয়ের অনুমতির জন্য পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে উপজেলা পরিষদের দৈনন্দিন কাজে ব্যবহারে প্রয়োজন প্রিন্টার,প্রিন্টারের টোনার,৮০ গ্রাম কাগজ,৮৫ গ্রাম, ৬৫ গ্রাম,লিগ্যাল কাগজ, ফোল্ডার সিষ্টেম ফাইল কভার ২০০পিছ, অফিস সরঞ্জামাদি আরএফকিউ মাধ্যমে প্রকল্প গ্রহণ করে রাজস্ব তহবিল অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ক্রয় করে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া ও সভাপতি, উপজেলা পরিষদ সভা কমিটি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং কাউনিয়া উপজেলা পরিষদের উন্নয়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । এছাড়া সকল বিষয়ে আলোচনার মাধ্যমে বাস্তবায়নে সংশিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১২/২৪

**(আনোয়ারুল ইসলাম)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৩-২৬০ তারিখঃ ০৫ /০৩/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ........................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque
০৫/০৩/২৪
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১
unokaunia@mopa.gov.bd

E:\Akmol\Upzilla Rejulation\UPAZILA REJU-1.doc